# উপজেলা পরিষদ কার্যালয়
## কসবা, ব্রাহ্মণবাড়িয়া

উপজেলা পরিষদ, কসবা ব্রাহ্মণবাড়িয়ার আগষ্ট/ ২০২১ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ রাশেদুল কাওসার ভূইয়া
চেয়ারম্যান,
উপজেলা পরিষদ,
কসবা, ব্রাহ্মণবাড়িয়া

তারিখ ও সময় : ২৬/০৮/২০২১খ্রিঃ, সকাল - ১০:৩০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট"ক" তে এবং অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট"খ" তে দেখানো হ'ল।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। সভাপতি'র সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ শুরু করেন। বিগত ২৪/০৭/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জুলাই/২০২১ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে উক্ত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। উপজেলার বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থা ভিত্তিক উন্নয়ন কার্যক্রমের বিষয়ে নিম্নোক্ত ক্রমানুযায়ি আলোচনা এবং তৎপ্রেক্ষিতে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা ও বিভাগ | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. কসবা পৌরসভা | মেয়র, কসবা পৌরসভা, সভায় অনুপস্থিত থাকায় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | মেয়র, কসবা পৌরসভা |
| ০২. স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে হাসপাতালের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কসবা। |
| ০৩. কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, কসবা সভায় জানান অত্র উপজেলায় রোপা আপনের লক্ষ্যমাত্র ১১৮৯০ হে. আজ পর্যন্ত ৮৭৯১ হে.জমিতে আবাদ সম্পন্ন হয়েছে। বৃষ্টিপাত এর কারণে পানি একটু বৃদ্ধি পাওয়ায় আবাদ এর অগ্রগতি আজ কিছুটা কম। তাছাড়া আউশ ধান কর্তনের কাজ সম্পন্ন হয়েছে। আমি সকল ইউনিয়নের চেয়ারম্যানদের উদ্দেশ্যে বলতে চাই অত্র উপজেলার সকল কৃষকের জন্য সমন্বিত খামার ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় ৫০% ভর্তুকী প্রদানের সুযোগ রয়েছে। ৫০% ভর্তুকীর আওতায় রয়েছে পাওয়ার থ্রেসার, রিপার, কম্বাইন হারভেস্টার, ভুট্টা মাড়াই যন্ত্র, ধান মাড়াই যন্ত্র এবং ধান শুকানোর জন্য। চেয়ারম্যানদের মাধ্যমে এ বিষয়টি কৃষকের মাঝে প্রচারের জন্য অনুরোধ করছি। | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি কর্মকর্তা, কসবা। |

| | | | |
|---|---|---|---|
| | তাছাড়া কৃষকদের জন্য ৪% ঋণের যে ব্যবস্থা রয়েছে সেটি কৃষক পাচ্ছেনা। নানাভাবে তারা বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায় কৃষকের স্বার্থে কৃষকের পাশে থেকে তাদের সহযোগিতা করার জন্য সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি কামনা করছি। | | |
| ০৪.উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, দপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । নিম্নে প্রকল্পের বিবরণ দেওয়া হল। | | |

আলোচ্যসূচিঃ ০১ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, অতিবৃষ্টির ফলে চারগাছ বাজার হইতে ভল্লবপুর পর্যন্ত রাস্তায় ভাঙ্গন সৃষ্টির ফলে জনসাধারনের চলাফেরা অসুবিধা হয়ে যাওয়ায় জরুরী ভিত্তিতে সড়কটি মেরামত করা প্রয়োজন হয় বলিয়া সভায় পেশ করেন।

| ক্রমিক নং | কাজের নাম | টাকার পরিমান | |
|---|---|---|---|
| ০১ | চারগাছ বাজার হইতে ভল্লবপুর পর্যন্ত রাস্তা মেরামত। | ৩,০০,০০০/০০ | |

সিদ্ধান্ত ঃ উক্ত প্রকল্পটি নিয়ে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পটি RFQ এর মাধ্যমে বাস্তবায়ন উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহের সর্ব্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচিঃ ০২ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্বরে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালের চতুর্দিকে গর্ত থাকায় জরুরী ভিত্তিতে মাটি ভরাট করা প্রয়োজন বলিয়া সভায় পেশ করা হয়।

| ক্রমিক নং | কাজের নাম | প্রাক্কলিত মুল্য | |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ চত্বরে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালের চতুর্দিকে মাটি ভরাট। | ১০,০০০/০০ | |

সিদ্ধান্ত ঃ উক্ত প্রকল্পটি নিয়ে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পগুলি বাস্তবায়ন উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সর্ব্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| ০৫. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কসবা। |
| ০৬.মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কসবা, সভায় অনুপস্থিত থাকায় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কসবা। |
| ০৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,কসবা সভায় জানান যে, মহামারি করোনার কারণে প্রতিষ্ঠান বন্ধ থাকলেও আগামী নভেম্বর/২০২১ মাসে এস.এস.সি এবং ডিসেম্বর/২০২১মাসে এইচ,এস.সি পরীক্ষা হবে মর্মে শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহণ | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,কসবা। |

| | | | |
|---|---|---|---|
| | করেছেন। কোন কারনে পরীক্ষা গ্রহন সম্ভব না হলে চলমান এ্যাসাইনমেন্ট কার্যক্রমের মাধ্যমে মূল্যায়ন করে ফলাফল ঘোষনা করা হবে। ৬ষ্ঠ হইতে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের প্রচলিত রোল নম্বর এর পরিবর্তে ইউনিক আইডি প্রদান সম্পর্কিত প্রতিষ্ঠান প্রধানগনের প্রশিক্ষণ আগামী ০১/০৯/২০২১ এবং ০২/০৯/২০২১ কসবা মহিলা কলেজে অনুষ্ঠিত হবে।উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে উক্ত প্রশিক্ষনে উপস্থিত থাকার জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো। | | |
| ০৮.উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কসবা সভায় জানান, গত ২৩/০৮/২১ থেকে আমাদের প্রাথমিক বিদ্যালয়গুলোর অফিস খোলা আছে এবং সকল শিক্ষক বিদ্যালয়ে উপস্থিত আছেন। এত বিদ্যালয় খোলার পূর্ব প্রস্তুতিমূলক কাজ গুলি চলছে। যেমন বিদ্যালয় গৃহ,আঙিনা , ওয়াশ ব্লক,আসবাবপত্রগুলি নিয়মিত পরিষ্কার,পরিচ্ছন্ন করা হচ্ছে। তাছাড়া ওয়ার্ক শীট বিতরণের কাজ চলছে এবং মূল্যায়নের কাজ হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,কসবা। |
| ৯.সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কসবা সভায় অনুপস্থিত থাকায় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কসবা। |
| ১০.পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কসবা সভায় জানান যে, জুলাই/২১ ইং মাসের পল্লী উন্নয়ন বিভাগের অগ্রগতি শেয়ার আদায় মাসে ০.০১ বছরে ২.২৫। সঞ্চয় আদায় মাসে ০.৩৯ বছরে ১০.২৩ ঋণ বিতরণ বছরে ১৪৮.৯৫ ঋণ আদায় মাসে ৪.৬৭ বছরে ১৪০.৭১। আদায়ের হার ৯৮% দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা. কসবা। |
| ১১.প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কসবা, সভায় জানান,দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কসবা। |
| ১২.মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কসবা সভায় জানান, করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কসবা। |
| ১৩.যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কসবা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কসবা উপজেলায় আগষ্ট/২০২১ মাসে ১৫ আগষ্ট জাতীয় শোক দিবসে ২,৩০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহতি আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কসবা। |
| ১৪.সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, কসবা সভায় অনুপস্থিত থাকায় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, কসবা। |

| | | | |
|---|---|---|---|
| ১৫.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,কসবা ,সভায় অনুপস্থিত থাকায় কার্যক্রম সম্পর্কে জানা গেল না | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কসবা |
| ১৬.পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কসবা সভায় জানান সিএআর ৭৪.১৪%,মোট সক্ষম দম্পতি- ৬৬১৩৮, স্থায়ী পদ্ধতি পুরুষ - ০০, মহিলা - ০৪, ইমপ্লান্ট গ্রহীতার সংখ্যা - ০০, আইইউডি গ্রহীতার সংখ্যা - ৩১, ইনজেকটেবলস গ্রহীতার সংখ্যা - ১৩২, কনডম গ্রহীতার সংখ্যা - ৯০ খাবার বড়ি গ্রহীতার সংখ্যা - ২৭৩ ,মোট গর্ভবতী - ৩২৫০ ,মোট ডেলিভারী - ৩৫, জন্ম - ৩৪৮,মৃত্যু - ১২৫, সাধারণ রোগীর সেবা- পুরুষ - ৩০৬, মহিলা ও শিশু -৩৭৯৩ জন। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ,কসবা |
| ১৭.ফরেস্টার সামাজিক বনায়ন | ফরেস্টার,সামাজিক বনায়ন, কসবা সভায় জানান কসবা উপজেলা সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্রে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলে | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | ফরেস্টার সামাজিক বনায়ন, কসবা। |
| ১৮. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। কসবা |
| ১৯. উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয় | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কসবা সভায় অনুপস্থিত থাকায় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কসবা |
| ২০.উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কসবা সভায় অনুপস্থিত থাকায় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কসবা |
| ২১. পল্লী বিদ্যুৎ সমিতি | ভি জি এম, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি,কসবা জোনাল অফিস জানান বিভাগীয় সকল কাজ স্বাভাবিকভাবে চলছে। মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন প্রকল্পের স্পট গুলোতে সংযোগের জন্য ২ কি.মি লাইন নির্মাণ করা প্রয়োজন। যার ওয়ার্ক অর্ডার অতি দ্রুত প্রদান করা হবে এবং লাইন নির্মাণ কার্যক্রম শুরু হবে। | গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২২. উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি.সেচ | উপ-সহকারী প্রকৌশলী, কসবা (ক্ষুদ্রসেচ) ইউনিট, বিএডিসি সেচ সভায় জানান, কসবা (ক্ষুদ্র সেচ) ইউনিটের সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উপজেলা পরিষদের পুরাতন কোর্ট ভবনের পিছনে নির্মানাধীন বিএডিসির অফিস বিল্ডিং কাম ট্রেনিং সেন্টার নির্মাণ কাজ প্রায় ৯০% সমাপ্ত হয়েছে। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি.সেচ, কসবা |

<table>
<tr>
<td>২৩.উপজেলা পরিসংখ্যান অফিস</td>
<td>বাংলাদেশ পরিসংখ্যান কর্মকর্তা, কসবা সভায় অনুপস্থিত থাকায় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td>
<td>আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা ,ক সবা</td>
</tr>
<tr>
<td>২৩.বিবিধ</td>
<td>আলোচ্যসূচিঃ ০১ উপজেলা প্রকৌশলী, কসবা সভায় জানান যে , ১০ নং বায়েক ইউনিয়ন পরিষদের নয়নপুর হাট বাজারের ১৪২৬ ইং সালের নিম্নে প্রকল্প দেওয়া হল। প্রকল্পগুলো নিম্নরুপঃ-
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>নয়নপুর মাছ বাজারের ঘাটলা নির্মাণ (১ম অংশ)<br><br>নয়নপুর মাছ বাজারের ঘাটলা নির্মাণ (২য় অংশ)</td><td>৫,০০,০০০/-<br><br>৪,৬৭,৬৭৯/-</td><td>RFQ</td></tr>
<tr><td>০২</td><td>আজাদ সরকারে দোকান থেকে ফাইব ড্রেন নির্মাণ নদী পর্যন্ত</td><td>২,০০০০০/-</td><td>PIC</td></tr>
<tr><td>০৩</td><td>আজাদ সরকারে দাকান থেকে পূর্ব দিকে সজীব ভূইয়ার ঘর হয়ে দক্ষিণ দিকে রাস্তা পর্যন্ত</td><td>২,০০০০০/-</td><td>PIC</td></tr>
</table>
</td>
<td>উক্ত বিল উপজেলা হাট-বাজার তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়</td>
<td>১.চেয়ারম্যান উপজেলা পরিষদ ,কসবা ও ২.উপজেলা নির্বাহী অফিসার, কসবা<br><br>১.চেয়ারম্যান উপজেলা পরিষদ ,কসবা ও ২.উপজেলা নির্বাহী অফিসার, কসবা</td>
</tr>
</table>

Signature

| | | | |
|---|---|---|---|
| | ড্রেইন নির্মাণ | | |
| ০৪ | ইমাম হুজুরের দোকান থেকে গাজী মার্কেটের পশ্চিম পর্যন্ত পাইব ড্রেইন নির্মাণ | ২,০০০০০/- | PIC |
| ০৫ | গাজী মার্কেট থেকে মেইন রাস্তা পর্যন্ত পাইপ ড্রেইন নির্মান। | ২,০০০০০/- | PIC |
| ০৬ | মাদলা বাজারের সেট ঘর নির্মাণ | ২,০০০০০/- | PIC |
| ০৭ | হরিপুর বাজারের সেট ঘর উন্নয়ন | ১,৪২,০২৮/- | PIC |

১.চেয়ারম্যান উপজেলা পরিষদ,কসবা ও ২.উপজেলা নির্বাহী অফিসার, কসবা

২৩.২

২৩.৩

| | | | |
|---|---|---|---|
| ২৩.৪ | উপজেলা প্রকৌশলী ,কসবা, সভায় জানান যে, উপজেলা নিবার্হী অফিসার মহোদয়ের বাসার ট্যাংকি ও আগাছা পরিষ্কার বাবদ = ১২,০০০/- টাকার বিল দাখিল করেন। | উক্ত বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | |
| | উপজেলা প্রকৌশলী ,কসবা, সভায় জানান যে, উপজেলা পরিষদের জন্য ৬ টি ছাতা বাবদ = ২৭,০০/- টাকার বিল দাখিল করেন | | |
| ২৩.৫ | উপজেলা প্রকৌশলী ,কসবা, সভায় জানান যে, কসবা উপজেলা পরিষদের আধুনিকায়নের জন্য বিশেষ ওয়ারিং বাবদ = ১,৬০,০০০/- টাকার বিল দাখিল করেন। | উক্ত বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পিআইসির মাধ্যমে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী ,কসবা, সভায় জানান যে, খাড়েরা ইউপি চেয়ারম্যান, সভায় প্রস্তাব করেন যে, ধর্মপুর কমিউনিটি ক্লিনিক অনেক খারাপ অবস্থায় রয়েছে যার কারনে বিদ্যুৎ সরঞ্জাম, পানির মটর এবং পানির ট্যাংকি প্রতিস্থাপন করতে হবে। | উক্ত বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ রাশেদুল কাওসার ভূইয়া
সভাপতি
উপজেলা পরিষদের সাধারণ সভা
ও
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
কসবা, ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নং-উপঃ/পরিঃ/কস/ ব্রাহ্বঃ/ বিবিধ-১০-০০৭/২০২০ - ১৯০ (৪৫)

তারিখ ঃ-০২/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি:- সদয় অবগতির জন্য
১. মাননীয় মন্ত্রী ,আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ও
জাতীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-০৪ ।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, চট্রগ্রাম।
৪. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-
১. মেয়র, কসবা পৌরসভা,কসবা।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা।
৩. **উপজেলা, ............................................ (সকল) অফিসার, কসবা।**
৪. চেয়ারম্যান, ..................................................(সকল) ইউনিয়ন পরিষদ, কসবা।

মাসুদ উল আলম
উপজেলা নির্বাহী অফিসার
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
ফোনঃ-০৮৫২৪-৭৩০০৯
ইমেইলঃ-unokasba @ mopa.gov.bd.